গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
বাজেট শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bridgesdivision.gov.bd

## বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | মোহাম্মদ বেলায়েত হোসেন<br>সচিব, সেতু বিভাগ। |
| স্থান: | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সভাকক্ষ |
| তারিখ: | ০২ জানুয়ারি ২০২০ |
| সময়: | বিকাল ২.৩০ ঘটিকা |
| উপস্থিতি: | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ এর গত ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০১০.২০১৯-৫৬৮ সংখ্যক স্মারকে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন এবং উন্নয়ন) প্রণয়ন সংক্রান্ত বাজেট পরিপত্র জারি করা হয়েছে। উক্ত পরিপত্রের আলোকে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন আগামী ০৭ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে iBAS++ সফটওয়ারে এন্ট্রি এবং অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে এক প্রস্থ করে প্রেরণ নিশ্চিত করতে হবে। তাছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৮ (গ) -এ বর্ণিত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩০ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে APAMS সফটওয়ারে এন্ট্রি এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন এবং চলতি ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন চূড়ান্ত করাই এ সভার মূল উদ্দেশ্য। সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

### ১. আলোচ্য বিষয়-১: সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা:

সভায় জানানো হয় যে মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৮ (গ)-এ বর্ণিত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী ৩০ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে APAMS সফটওয়ারে এন্ট্রি এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। সে লক্ষ্যে সেতু বিভাগের এপিএ টিম গত ০১/০১/২০২০ তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে যা সেতু বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের কর্তৃক গত ০২/০১/২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় পর্যালোচনা করা হয়। অতঃপর সভাপতির নির্দেশে উপসচিব (বাজেট) সেতু বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে সেতু বিভাগের কর্মসম্পাদন ব্যবস্থাগনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুলের ৩জন সদস্যই সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে সন্তোষ প্রকাশ করেছেন। সভাপতি সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বিপরীতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের মধ্যে অসাধারণ মান (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে নিরলসভাবে কাজ করার জন্য আহ্বান জানান। সভায় বিস্তারিত পর্যালোচনান্তে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত:**

১.১ সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করা হলো;

১.২ মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকার অনুচ্ছেদ ৮(গ)-এ বর্ণিত এপিএ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়সীমার পূর্বেই সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন APAMS সফটওয়ারে এন্ট্রি এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

চলমান পাতা / ২

০২. আলোচ্যসূচি - ২: বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

সভায় ২০১৯-২০ অর্থবছরের ২য় কোয়ার্টারে বাজেট বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রথম কোয়ার্টারে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ৫২৩৯.০০ (বায়ান্ন লক্ষ উনচল্লিশ হাজার) টাকা প্রকৃত ব্যয় হয়েছে ৪২৭৯.০০ (বেয়াল্লিশ লক্ষ উনআশি হাজার) টাকা, ব্যয়ের হার ৮২%। অপরদিকে ২য় কোয়ার্টারে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ৬৩৭৬.০০ (তেষট্টি লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা প্রকৃত ব্যয় হয়েছে ৬২৫৭.০০ (বাষট্টি লক্ষ সাতান্ন হাজার) টাকা, ব্যয়ের হার ৯৮%। সভায় জানানো হয় যে প্রথম কোয়ার্টারে সেতু বিভাগে কোন কর্মচারী না থাকায় কর্মচারী বেতন খাতে কোন অর্থ ব্যয় হয়নি। ফলে লক্ষ্যমাত্রার তুলনায় ব্যয় কম হয়েছে। পক্ষান্তরে ২য় কোয়ার্টারের গত ১৭/১১/২০১৯ তারিখে ১৭জন কর্মচারী যোগদান করেছেন। ২য় কোয়ার্টার শেষে ১,৪৫,৬৪.০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ চৌষট্টি হাজার) টাকা অব্যয়িত আছে। ২০১৯-২০ অর্থবছরের বাজেট বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়।

(অংকসমূহ হাজার টাকায়)

| বাজেট ২০১৯-২০ | ১ম কোয়ার্টার লক্ষ্যমাত্রা | প্রকৃত খরচ | ব্যয়ের হার | ২য় কোয়ার্টার লক্ষ্যমাত্রা | প্রকৃত খরচ | ব্যয়ের হার | অব্যয়িত |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২,৫১,০০ | ৫২,৩৯ | ৪২,৭৯ | ৮২% | ৬৩,৭৬ | ৬২,৫৭ | ৯৮% | ১,৪৫,৬৪ |

**সিদ্ধান্ত:** বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুযায়ী বাজেট বাস্তবায়নের বর্তমান ধারা অব্যাহত রাখতে হবে।

৩. আলোচ্যসূচি-৩: সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট (পরিচালন ও উন্নয়ন) প্রাক্কলন:

৩.১ রাজস্ব প্রাপ্তির সংশোধিত লক্ষ্যমাত্রা প্রাক্কলন:

সভায় উপসচিব (বাজেট), সেতু বিভাগ জানান যে চলতি ২০১৯-২০ অর্থবছরের বাজেটে সেতু বিভাগের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১৬.৮৬ (ষোল কোটি ছিয়াশি লক্ষ) টাকা নির্ধারণ করা হয়েছে যার উৎস অআর্থিক প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত লভ্যাংশ (স্টক)। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) জানান, এ বছর লভ্যাংশের পরিমান কম হওয়ায় চলতি অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে না। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (মনিটরিং) রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন ১০.০০ (দশ কোটি) টাকা নির্ধারণ করার প্রস্তাব করলে উপস্থিত সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন।

সিদ্ধান্তঃ

চলতি ২০১৯-২০ অর্থবছরের বাজেটে সেতু বিভাগের রাজস্ব প্রাপ্তির সংশোধিত প্রাক্কলন ১০.০০ (দশ কোটি) টাকা নির্ধারণ করা হলো।

৩.২ ২০১৯-২০ অর্থবছরের নির্ধারিত ব্যয়সীমার মধ্যেসংশোধিত পরিচালন ব্যয় প্রাক্কলনঃ

১.২.২ বিগত ৬ মাসের প্রকৃত খরচ এবং আগামী ৬ মাসের খরচের প্রক্ষেপনের আলোকে ২০১৯-২০ অর্থবছরের নির্ধারিত পরিচালন ব্যয়সীমা ২.৫১ (দুই কোটি একান্ন লক্ষ) টাকার মধ্যে নিম্নবর্ণিতভাবে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছেঃ

| অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০১৯-২০ | প্রস্তাবিত সংশোধিত ২০১৯-২০ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **৩১১১** | **নগদ মজুরি ও বেতন** | | |
| ৩১১১১০১ | মূল বেতন (অফিসার) | ৭০,০০ | ৭০,০০ |
| ৩১১১২০১ | মূল বেতন (কর্মচারী) | ১০,০০ | ১০,০০ |
| ৩১১১২০২ | যাতায়াত ভাতা | ১,০০ | ৪০ |
| ৩১১১৩০৬ | শিক্ষা ভাতা | ৭০ | ৭৫ |
| ৩১১১৩১০ | বাড়ী ভাড়া ভাতা | ৩৪,০০ | ৩৫,৫০ |
| ৩১১১৩১১ | চিকিৎসা ভাতা | ২,০০ | ৩,৫০ |
| ৩১১১৩১২ | মোবাইল/সেলফোন ভাতা | ৫০ | ১,০০ |
| ৩১১১৩১৩ | আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা | ০ | ২,৫০ |
| ৩১১১৩১৪ | টিফিন ভাতা | ৬০ | ২৫ |
| ৩১১১৩১৬ | ধোলাই ভাতা | ৪০ | ০ |
| ৩১১১৩২৫ | উৎসব ভাতা | ১০,০০ | ১১,০০ |
| ৩১১১৩২৭ | অধিকাল ভাতা | ৫,০০ | ১,০০ |
| ৩১১১৩২৮ | শ্রান্তি বিনোদন ভাতা | ২,০০ | ১,৬০ |
| ৩১১১৩৩১ | আপ্যায়ন ভাতা | ৩৫ | ৩০ |
| ৩১১১৩৩২ | সম্মানী ভাতা | ১,০০ | ১,০০ |
| ৩১১১৩৩৫ | বাংলা নববর্ষ ভাতা | ১,১০ | ১,৫০ |
| ৩১১১৩৩৯ | পাঁচক ভাতা | ০ | ১,২৮ |
| ৩১১১৩৪০ | নিরাপত্তা ভাতা | ০ | ১,২৮ |
| | **উপমোট নগদ মজুরি ও বেতন** | **১৩৮,৬৫** | **১৪২,৮৬** |

চলমান পাতা/৩

| | | | |
|---|---|---|---|
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | | |
| ৩২১১১০১- | পুরস্কার | ৩,০০ | ২,২০ |
| ৩২১১১০৬ | আপ্যায়ন ব্যয় | ৫০ | ১,০০ |
| ৩২১১১২০ | টেলিফোন | ১,৫০ | ৬০ |
| ৩২১১১২৭ | বইপত্র ও সাময়িকী | ৬৫ | ১৪০ |
| ৩২১১১২৮ | প্রকাশনা | ১,৫০ | ৫০ |
| ৩২১১১৩৪ | শ্রমিক (অনিয়মিত) মজুরি | ০ | ৫০ |
| | উপ মোট-প্রশাসনিক ব্যয় | ৭১৫ | ৬,২০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | | |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | ৫,০০ | ১০,০০ |
| | উপমোট প্রশিক্ষণ | ৫,০০ | ১০,০০ |
| ৩২৪৩ | পেট্রোল ওয়েল ও লুব্রিক্যান্ট | | |
| ৩২৪৩১০১ | পেট্রোল ওয়েল ও লুব্রিক্যান্ট | ৬,০০ | ৬,০০ |
| | উপমোট পেট্রোল ওয়েল ও লুব্রিক্যান্ট | ৬,০০ | ৬,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | | |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ব্যয় | ২৬,৭৫ | ৩৪,০০ |
| | উপমোট ভ্রমণ ও বদলি | ২৬,৭৫ | ৩৪,০০ |
| | মুদ্রণ ও মনিহারি | | |
| ৩২৫৫১০২- | মুদ্রণ ও বাঁধাই | ২,০০ | ১,০০ |
| ৩২৫৫১০৪- | স্ট্যাম্প ও সিল | ৫০ | ২৫ |
| ৩২৫৫১০৫- | অন্যান্য মনিহারি | ১,০০ | ১,০০ |
| | উপ মোট-মুদ্রণ ও মনিহারি | ৩,৫০ | ২,২৫ |
| ৩২৫৭ | পেষাগত সেবা সম্মানী ও বিশেষ ব্যয় | | |
| ৩২৫৭১০৫ | উদ্ভবন | ৫,০০ | ১,০০ |
| ৩২৫৭২০৬ | সম্মানী/পারিতোষিক (সরকারি কর্মচারী ব্যতীত | ৩৫ | ৬০ |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/উৎসবাদি | ১৫,০০ | ২,০০ |
| | উপ মোট-পেশাগত সেবা,সম্মানী ও বিশেষ ব্যয় | ২০,৩৫ | ৩,৬০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | | |
| ৩২৫৮১০১ | মোটর যানবাহন | ২,০০ | ২,৫০ |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ৫০ | ২৫ |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার | ৫০ | ২৫ |
| ৩২৫৮১০৫ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৬০ | ২৫ |
| ৩২৫৮১০৭ | অনাবাসিক ভবন | ১,০০ | ০ |
| ৩২৫৮১৪০ | মোটর যান রক্ষণাবেক্ষণ | ২৪,০০ | ২৯,০০ |
| | উপ মোট-মেরামত ও সংরক্ষণ | ২৮৬০ | ৩২,২৫ |
| ৪১ | অআর্থিক সম্পদ | | |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | | |
| ৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক | ৫,০০ | ৫,৩৪ |
| ৪১১২৩১০ | অফিস সরঞ্জামাদি | ৫,০০ | ৩,৫০ |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র | ৫,০০ | ৫,০০ |
| | উপ মোট-যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সর্বমোট | ১৫,০০ | ১৩,৮৪ |
| | মোট সচিবালয় | ২,৫১,০০ | ২,৫১,০০ |

**সিদ্ধান্ত:** আলোচনা অংশের কলাম ৪ অনুযায়ী সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরের নির্ধারিত পরিচালন ব্যয়সীমা ২.৫১ (দুই কোটি একান্ন লক্ষ) টাকার মধ্যে প্রস্তুতকৃত সংশোধিত প্রাক্কলন অনুমোদন করা হলো যা iBAS++ সফটওয়ারে এন্ট্রি এবং অর্থবিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপসচিব (বাজেট), সেতু বিভাগ।

৩.৩ **২০১৯-২০ অর্থবছরের নির্ধারিত ব্যয়সীমার অতিরিক্ত সংশোধিত পরিচালন ব্যয় প্রাক্কলনঃ**

২.২.১ উপসচিব (বাজেট), সেতু বিভাগ জানান, চলতি ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগের পরিচালন ব্যয় ২.৫১ (দুই কোটি একান্ন লক্ষ) টাকা নির্ধারণ করা হয়েছে। কিন্তু চলতি অর্থবছরের পরিচালন ব্যয়সীমা চূড়ান্ত করার পরে ৭ জন (সাত) কর্মকর্তা যোগদান করেন। তাছাড়া সরাসরি নিয়োগ পরীক্ষার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ১৭ (সতের) জন কমর্চারী গত ১৭/১১/২০১৯ তারিখে এ বিভাগে যোগদান করেছেন। গত

২/১২/২০১৯ তারিখে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ হতে হস্তান্তরসূত্রে ৩ (তিন) টি জিপ ও ১ (এক) টি মাইক্রোবাস সেতু বিভাগের সাংগঠনিক কাঠামোভুক্ত হয়েছে। ফলে চলতি অর্থবছরে সেতু বিভাগের পরিচালন ব্যয় বৃদ্ধি পেয়েছে। বিশেষতঃ নিম্নবর্ণিত কয়েকটি খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজনঃ

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০১৯-২০ | সংশোধিত বাজেটে অতিরিক্ত চাহিদা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩২৩১৩০১ | প্রশিক্ষণ | ৫,০০ | ১৫,০০ |
| ৩২৪৪১০১ | ভ্রমণ ও বদলি | ২৬,৭৫ | ৫০,০০ |
| ৩২৪৪১০১ | নিয়োগ পরীক্ষা | ০ | ১৫,২০ |
| ৪১১২২০২ | আউট সোর্সিং | ০ | ৮,৫০ |
| ৩২৫৮১৪০ | মোটরযান রক্ষণাবেক্ষণ ব্যয় | ২৪,০০ | ১২,০০ |
| ৩৯১১১১১ | কম্পিউ-টার | ৫,০০ | ১০,০০ |
| ৩২১১১৩১ | আসবাব-পত্র | ৫,০০ | ১০,০০ |
| ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/উৎসবাদি | ২,০০ | ১৫,০০ |
| | মোট | ৬৭,৭৫ | ১,৩৫,৭০ (এক কোটি পঁয়ত্রিশ লক্ষ সত্তর হাজার |

**সিদ্ধান্ত:** চলতি ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগের পরিচালন ব্যয়ভুক্ত আলোচনা অংশের ৪ নম্বর কলামে উল্লিখিত খাতসমূহের বিপরীতে যৌক্তিকতাসহ সংশোধিত বাজেটে অতিরিক্ত বরাদ্দ প্রদানের অনুরোধ জানিয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হবে।

**বাস্তবায়নে:** উপসচিব (বাজেট), সেতু বিভাগ।

৩.৪ **<u>সংশোধিত উন্নয়ন ব্যয় প্রাক্কলনঃ</u>**

উপসচিব (বাজেট), সেতু বিভাগ জানান যে চলতি ২০১৯-২০ অর্থবছরে এ বিভাগের উন্নয়ন ব্যয় ৮৫৬১.০২ (আটহাজার পাঁচশত একষট্টি কোটি দুই লক্ষ) টাকা নির্ধারণ করা হয়েছে। কর্ণফুলী নদীর তলদেশে বহুলেইন টানেল নির্মাণ প্রকল্প ব্যতীত অন্যান্য প্রকল্পে ২০৬৩৫৬.০০ (দুই হাজার তেষট্টি কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা অর্থ অব্যয়িত থাকবে। কর্ণফুলী নদীর তলদেশে বহুলেইন টানেল নির্মাণ প্রকল্পের পরিচালক জানান যে তার প্রকল্পে ২৭০,৫২,৭৯.০০ (দুই শত সত্তর কোটি বায়ান্ন লক্ষ উনআশি হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন হবে। সভায় কর্ণফুলী নদীর তলদেশে বহুলেইন টানেল নির্মাণ প্রকল্পের জন্য প্রস্তাবিত অর্থ রেখে এবং অবশিষ্ট টাকা বাদ দিয়ে সংশোধিত উন্নয়ন ব্যয় প্রাক্কলন চূড়ান্ত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | বিবরণ | বাজেট ২০১৯-২০ | প্রস্তাবিত সংশোধিত ২০১৯-২০২০ | হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|
| ২২২০০২৬০০ | ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প | ৮১৮৯০০ | ৬১৩৩৯৮ | ২০৫৫০২ |
| ২২৪১০৪৫০০ | কর্ণফুলী নদীর তলদেশে বহুলেইন টানেল নির্মাণ প্রকল্প | ১৩৪৯৯৯০০ | ১৬২০৫১৭৯ | -২৭০৫২৭৯ |
| ২২৪১০৪৬০০ | সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রজেক্ট | ১০৩৮৪৫০০ | ৪০১৬৪৮১ | ৬৩৬৮০১৯ |
| ২২৪১০৪৭০০ | পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প | ৫৩৭০৬৯০০ | ৪০১৫০০০০ | ১৩৫৫৬৯০০ |
| ২২৪১১৩৮০০ | ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প | ৭০৫০০০০ | ৬৫৪৪৭৮৫ | ৫০৫২১৫ |
| | **সর্বমোট** | ৮৫৪৬০২০০ | ৬৭৫২৯৮৪৩ | ১৭৯৩০৩৫৭ |

**সিদ্ধান্ত:** আলোচনা অংশের কলাম ৪ অনুযায়ী সেতু বিভাগের ২০১৯-২০ অর্থবছরে ৬৭৫২,৯৮,৪৩ (ছয় হাজার সাতশত বায়ান্ন কোটি আটানব্বই লক্ষ তেতাল্লিশ হাজার) টাকা সংশোধিত উন্নয়ন ব্যয় প্রস্তাব অনুমোদন করা হল যা iBAS++ সফটওয়ারে এন্ট্রি এবং অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নে:** পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

০৩. সভায় আলোচ্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/০১/২০২০
(মোহাম্মদ বেলায়েত হোসেন)
সচিব, সেতু বিভাগ।

নম্বর: ৫০.০০.০০০০.২০১.২০.১০৩.১৮- ২০

তারিখ : ০৭ জানুয়ারি ২০২০
১৮ পৌষ ১৪২৬

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব,বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা ।
৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৪. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলানগর, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৮. পরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/(পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৯. প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
৯. প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১০. উপসচিব (উন্নয়ন)/বাজেট)/(প্রশাসন), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব (বাজেট), সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
১৪. প্রোগ্রামার, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা [কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

০৭/০১/২০২০
(মুহাম্মাদ রেজায়ে রাব্বী)
উপসচিব (বাজেট)
ফোন: ৫৫০৪০৩৪৩
rabbi15547@gmail.com